


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
[ আইন-২ অধিশাখা ]  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.১০৫.২০১৪-৭৭

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৪  
১ আগস্ট ২০১৭

বিষয়ঃ ঢাকা ওয়াসা সংক্রান্ত রীট পিটিশন নং-১৮৫৫/২০১৪ [পিটিশনারঃ জনাব আবুল হাশেম তালুকদার, এবিএস ওয়াশিং, ১৮০৫/১৮২৫ সোনাকাটরা, পূর্ব বাজা, ঢাকা] এর দফাওয়ারী জবাব ও প্রাসঙ্গিক কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।


সূত্রঃ ডেপুটি এটর্নি জেনারেল জনাব বিশ্বজিৎ রায় প্রেরিত ১৮ জুলাই ২০১৭ তারিখের ফ্যাক্সবার্তা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, বিবেচ্য রীট সংক্রান্ত হাইকোর্ট বিভাগের আদেশ এবং আরজীর কপি অত্র বিভাগে প্রাপ্তির পর ৮ মে ২০১৪ তারিখের ৮৯২ নম্বর স্মারকে তাঁকে জরুরী ভিত্তিতে দফাওয়ারী জবাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। কিন্তু যাচিত জবাব অদ্যাবধি পাওয়া যায়নি।

২. বিবেচ্যপত্রের সূত্রে ঢাকা ওয়াসা'র আইন কর্মকর্তা জনাব মোঃ জাহিদুল ইসলাম এর সাথে ২৪-২৬ জুলাই ২০১৭ তারিখ একাধিকবার দাপ্তরিক ফোন এবং মোবাইলে কথা বলে জরুরী ভিত্তিতে রীট পিটিশন নং-১৮৫৫/২০১৪ এর দফাওয়ারী জবাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের অনুরোধ করা হয়। ঢাকা ওয়াসা'র আইন কর্মকর্তা জানান যে, ঢাকা ওয়াসার আইনজীবী ব্যারিস্টার আবদুল মাবুদ মাসুম ডেপুটি এটর্নি জেনারেল জনাব বিশ্বজিৎ রায় এর কাছে বিবেচ্য মামলার দফাওয়ারী জবাব দাখিল করেছেন। সে মোতাবেক ডেপুটি এটর্নি জেনারেল জনাব বিশ্বজিৎ রায় এর সাথে ফোনে কথা বলে জানা যায় যে, তাঁর কাছে ঢাকা ওয়াসার পক্ষ থেকে কোন কাগজপত্র দাখিল করা হয়নি। ঢাকা ওয়াসা'র নিজস্ব আইনজীবী ব্যারিস্টার আবদুল মাবুদ মাসুম এর সঙ্গে ফোনে কথা বলে জানা যায় যে, তিনি এখনো এটর্নি জেনারেল অফিসে কোন কাগজপত্র দাখিল করেননি। অতঃপর পুনরায় ঢাকা ওয়াসা'র আইন কর্মকর্তার সাথে কথা বলে অতি জরুরী ভিত্তিতে ২৬ জুলাই বিকাল পাঁচটার মধ্যে দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক কাগজপত্র প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু এখনো তা পাওয়া যায়নি।

৩. এমতাবস্থায়, বিবেচ্য রীট মোকদ্দমায় সরকার পক্ষের স্বার্থ রক্ষার্থে আগামী ০৩.০৮.২০১৭ তারিখ বিকাল পাঁচটার মধ্যে বিনা ব্যর্থতায় দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক কাগজপত্র আইন-২ শাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য তাঁকে পুনরায় অনুরোধ হল। অন্যথায়, সরকার পক্ষের স্বার্থহানি হলে তার যাবতীয় দায়ভার ঢাকা ওয়াসা কর্তৃপক্ষের উপর বর্তাবে।

সংযুক্তঃ ফ্যাক্সবার্তার কপি- ১ ফর্দ।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ+৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়; বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পাঃসঃ), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।